

## জাতীয়

# বিপৎসীমার ছুইছুই তিস্তা, নদীর তীরবর্তী এলাকায় ফের বন্যার আতঙ্ক

প্রতিবেদক: নিজস্ব প্রতিবেদক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ভারত থেকে নেমে আসা পাহাড়ী ঢল ও ভারী বৃষ্টিপাতের কারণে তিস্তা নদীর পানি দ্রুত বৃদ্ধি পেয়ে বিপৎসীমার কাছাকাছি পৌঁছে গেছে। পানির তীব্র চাপ সামলাতে ও পরিস্থিতি নিয়ন্ত্রণে দেশের বৃহত্তম সেচ প্রকল্প তিস্তা ব্যারাজের ৪৪টি জলকপাট একযোগে খুলে দেওয়া হয়েছে। এতে লালমনিরহাটের নদীতীরবর্তী ও নিম্নাঞ্চলের মানুষের মধ্যে ফের বড় ধরনের বন্যার আতঙ্ক দেখা দিয়েছে।

পানি উন্নয়ন বোর্ডের (পাউবো) তথ্যানুযায়ী, বুধবার সকাল ৬টায় ডালিয়া পয়েন্টে তিস্তার পানি বিপৎসীমার মাত্র ১ সেন্টিমিটার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছিল। উজানের পানির প্রবাহ অব্যাহত থাকায় নদীর পানি দ্রুত বৃদ্ধি পাওয়ায় জেলার নদীসংলগ্ন নিম্নাঞ্চল ও চরাঞ্চলে ইতোমধ্যে পানি প্রবেশ করতে শুরু করেছে।

ইতোমধ্যে পানি ঢুকতে শুরু করেছে হাতীবান্ধা উপজেলার গড়িমারী, দোয়ানী, সানিয়াজান, সিঙ্গিমারী, সিন্দুর্না ও ডাউয়াবাড়ী এবং আদিতমারী উপজেলার মহিষখোঁচা ও সদর উপজেলার রাজপুর, খুনিয়াগাছ ও গোকুন্ডা ইউনিয়নের নিম্নাঞ্চলে। লোকালয় ও ফসলি জমি প্লাবিত হওয়ায় স্থানীয় অধিবাসীদের অনেকে গবাদিপশু ও জরুরি মালামাল নিরাপদ স্থানে সরাতে ব্যস্ত হয়ে পড়েছেন।

পানি বাড়ার পাশাপাশি চরম ঝুঁকিতে পড়েছে দীর্ঘদিন সংস্কার না হওয়া বন্যা নিয়ন্ত্রণ বাঁধ ও তীরবর্তী উঁচু সড়কগুলো। নদীর তীরবর্তী অধিবাসীদের অভিযোগ, শুষ্ক মৌসুমে প্রয়োজনীয় টেকসই সংস্কারকাজ না করে প্রতি বছর বর্ষাকালে জরুরি মেরামতের নামে বিপুল অর্থ ব্যয় করা হয়। বর্ষার আগেই বাঁধ টেকসই করা গেলে আজ এই ভাঙন ও বন্যার ভয়াবহ ঝুঁকি তৈরি হতো না।

পরিস্থিতি নিয়ে চরম উদ্বেগ প্রকাশ করেছেন স্থানীয় বাসিন্দারা। উজান থেকে যেভাবে পানি আসছে, তাতে বাঁধ ভেঙে গেলে এলাকা মারাত্মকভাবে প্লাবিত হতে পারে বলে আশঙ্কার কথা জানিয়েছেন তারা। নদীপাড়ের পরিবারগুলোতে এখন নিঘুম রাত কাটানোর মতো পরিস্থিতির সৃষ্টি হয়েছে।

পানি উন্নয়ন বোর্ড জানিয়েছে, পরিস্থিতির ওপর সার্বক্ষণিক নজর রাখা হচ্ছে। উজান থেকে পানি আসা অব্যাহত থাকায় নদীর নিম্নাঞ্চলে স্বল্পমেয়াদি বন্যা দেখা দিতে পারে। সার্বিক অবস্থায় নদীতীরবর্তী ও চরাঞ্চলের মানুষকে সতর্ক থাকার পরামর্শ দেওয়া হয়েছে।

## এ বিভাগের আরও খবর



যানজট নিরসনে বৃত্তাকার সড়ক নির্মাণ কাজের গতি বাড়ানোর নির্দেশ প্রধানমন্ত্রীর  
প্রধানমন্ত্রী তারেক রহমান যানজট নিরসনে বৃত্তাকার সড়ক নির্মাণকাজের গতি বাড়ানোর নির্দেশ দিয়েছেন। ঢাকা মহানগরের যানজট নিরসনে অভ্যন্তরীণ বৃত্তাকা...



সেপ্টেম্বরে সড়ক দুর্ঘটনায় নিহত ৪২৩, আহত ৬৭৪  
সেপ্টেম্বর মাসে দেশে ৪৪২টি সড়ক দুর্ঘটনায় ৪২৩ জন নিহত এবং ৬৭৪ জন আহত হয়েছেন। নিহতদের মধ্যে ৭৩ জন নারী ও ৬১ জন শিশু। রোড সেফটি ফাউন্ডেশনের মাস...



#### বিমানবন্দরে একদিনে সাড়ে ১৩ কেজি স্বর্ণ উদ্ধার

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৃথক দুটি অভিযানে একদিনে ১৩ দশমিক ৮৪ কেজি স্বর্ণ উদ্ধার করেছে কাস্টমস কর্তৃপক্ষ। এর মধ্যে এক যাত্রীর শ...



#### পবিত্র মদিনায় হুথিদের হামলা, তীব্র নিন্দা জানাল বাংলাদেশ

সৌদি আরবের পবিত্র মদিনানগরীতে তাইবাহ বিদ্রোহকেন্দ্রে হুথিদের ড্রোন হামলার তীব্র নিন্দা জানিয়েছে বাংলাদেশ সরকার। রোববার (৪ অক্টোবর) এক বিবৃতিতে...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/national/biptsimar-chhunichhuni-tista-ndir-tirbtri-elakay-fer-bnjar-atngk>